



একই স্মারক ও তারিখে সংশোধিত বিজ্ঞপ্তি  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর  
www.jessoreboard.gov.bd  
কলেজ বিভাগ



নম্বর ৩৭.১১.৪০৪১.৪৪২.১২.০০১.২০.২৬

তারিখ: ৬ কার্তিক ১৪২৭  
২২ অক্টোবর ২০২০

**বিজ্ঞপ্তি**

**বিষয়: ২০২০-২০২১ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে সমন্বিত ভর্তি প্রক্রিয়ায় যশোর শিক্ষা বোর্ডে যে সকল শিক্ষার্থী ভর্তি হতে পারেনি শুধুমাত্র তাদের জন্য ভর্তি বিজ্ঞপ্তি**

এ শিক্ষা বোর্ডের আওতাধীন কলেজ/উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের অধ্যক্ষ, শিক্ষার্থী, অভিভাবকসহ সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর -এর আওতাভুক্ত কলেজ/উচ্চ মাধ্যমিক বিদ্যালয়সমূহে ২০২০-২০২১ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে আন্তঃবোর্ডের সমন্বিত অনলাইন ভর্তি প্রক্রিয়ায় যে সকল শিক্ষার্থী ভর্তি হতে পারেনি শুধুমাত্র তারা সংশ্লিষ্ট কলেজে আসন শূন্য থাকা এবং নির্ধারিত ন্যূনতম জিপিএ থাকা সাপেক্ষে ২৮-১০-২০২০ খ্রি. তারিখ থেকে ০৫-১১-২০২০ খ্রি. তারিখ পর্যন্ত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর-এর ওয়েবসাইটে ভর্তির জন্য অনলাইনে আবেদন করতে পারবে।

আবেদন ও ভর্তির নিয়মাবলী-

- ১। যে সকল শিক্ষার্থী একাদশ শ্রেণিতে ২০২০-২০২১ শিক্ষাবর্ষে সমন্বিত ভর্তি প্রক্রিয়ায় কোনও কলেজে ভর্তি হতে পারেনি, শুধুমাত্র সে সকল শিক্ষার্থী ভর্তির জন্য অনলাইনে আবেদন করতে পারবে;
- ২। যশোর বোর্ডের ওয়েবসাইটের বাম দিকে "Our Services" অংশের "XI (Eleven) Class Admission" মেনু থেকে অনলাইনে ভর্তির জন্য ০৫(পাঁচ)টি কলেজ/ উচ্চ মাধ্যমিক বিদ্যালয় পছন্দক্রম অনুসারে নির্বাচন করে আবেদন দাখিল করতে পারবে;
- ৩। আবেদন দাখিলের পর অটো-জেনারেটেড সোনালী সেবা প্রিন্ট করে সোনালী ব্যাংকের যে কোন শাখায় ০৫-১১-২০২০ তারিখের মধ্যে ৪৫০/- (চারশত পঞ্চাশ টাকা) (১৫০/- আবেদন ফি, ২০০/- রেজিস্ট্রেশন ফি, ১০০/- ডাটা এন্ট্রি ফি) জমা দিতে হবে। সোনালী সেবার মাধ্যমে টাকা ব্যাংকে জমা হওয়ার পর আবেদন দাখিলের কাজ সম্পন্ন হবে। অন্যথায় দাখিলকৃত আবেদন সয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে;
- ৪। একজন শিক্ষার্থী যে কলেজগুলো নির্বাচন করবে তার মধ্য থেকে শিক্ষার্থীর মেধা ও পছন্দক্রমের ভিত্তিতে একটি মাত্র কলেজে তার মনোনয়ন নির্ধারণ করা হবে এবং এসএমএস-এর মাধ্যমে জানানো হবে। মেধা ও পছন্দক্রমের ভিত্তিতে যে কলেজে শিক্ষার্থীকে মনোনয়ন দেয়া হবে সেই কলেজেই শিক্ষার্থীকে ১৯-১১-২০২০ তারিখের মধ্যে ভর্তি হতে হবে। মাইগ্রেশনের বা আবেদন বাতিলের বা পুনরায় আবেদনের কোন সুযোগ থাকবে না। মনোনয়ন প্রাপ্ত কলেজে নির্ধারিত তারিখের মধ্যে ভর্তি না হলে, মনোনয়ন এবং আবেদন বাতিল হয়ে যাবে; পরবর্তীতে ভর্তির জন্য আর আবেদন করার সুযোগ থাকবে না।
- ৫। নির্ধারিত সময়ের পর আর কোনোভাবে ২০২০-২০২১ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে শিক্ষার্থীর ভর্তির সুযোগ থাকবে না। ফলে, কলেজ নির্বাচনের ক্ষেত্রে নিজ জিপিএ এবং সংশ্লিষ্ট কলেজের শূন্য আসন সংখ্যা বিবেচনায় নিয়ে সতর্কতার সাথে কলেজ পছন্দক্রম নির্বাচন করতে হবে;

**সময়সূচি-**

ক্রমিক	বিষয়	তারিখ
১	ভর্তির জন্য অনলাইনে আবেদন গ্রহণ	২৮-১০-২০২০ খ্রি. থেকে ০৫-১১-২০২০ খ্রি. পর্যন্ত
২	নির্বাচিত শিক্ষার্থীদের ফল প্রকাশ	১৫-১১-২০২০ খ্রি.
৩	কলেজে ভর্তি গ্রহণ ও কলেজ কর্তৃক বিষয় রেজিস্ট্রেশন	১৫-১১-২০২০ খ্রি. থেকে ১৯-১১-২০২০ খ্রি. পর্যন্ত

৬। কলেজসমূহ মনোনীত শিক্ষার্থীদের ভর্তি গ্রহণ করে "Student Management" প্যানেল থেকে ১৫-১১-২০২০ খ্রি. থেকে ১৯-১১-২০২০ খ্রি. তারিখের মধ্যে ভর্তিকৃত শিক্ষার্থী নিশ্চায়ন এবং বিষয় রেজিস্ট্রেশন সম্পন্ন করবে;

৭। সংশ্লিষ্ট সকল ক্ষেত্রে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের ১১ মার্চ, ২০২০ খ্রি: তারিখের ৩৭.০০.০০০০.০৬৭.১৪.০০১.২০১৬-৬৬-শিক্ষা স্মারকে জারিকৃত "২০২০-২০২১ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির নীতিমালা-২০২০" অনুসরণ করতে হবে;

৮। কোনো শিক্ষার্থীর অজ্ঞাতে কোনো প্রতিষ্ঠান তার পক্ষে আবেদন করতে পারবে না। এরূপ ঘটলে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের একাডেমিক স্বীকৃতি/পাঠদানের অনুমতি বাতিলসহ কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে;

৯। এর পরে ২০২০-২০২১ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির আর কোনো সুযোগ থাকবে না।



২২-১০-২০২০

কে এম রক্কানী  
কলেজ পরিদর্শক

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অধ্যক্ষ, এ বোর্ডের আওতাধীন সকল কলেজ/ উচ্চ মাধ্যমিক বিদ্যালয়
- ২) সেকশন অফিসার, কলেজ নিবন্ধন শাখা, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর